



# বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

## Bangladesh Agricultural Research Institute

Joydebpur, Gazipur-1701

কৃষিই সমৃদ্ধি

ফোন: ৪৯২৬৩৫৪০, ৪৯২৬১৫০৭  
 পিএবিএক্স: ৪৯২৭০০৪১-৮  
 ফ্যাক্স: ৮৮-০২-৪৯২৬১৪১৫  
 E. mail: dg.bari@bari.gov.bd  
 web: www.bari.gov.bd

### বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক ২০১৬-১৭ অর্থ বছরে হস্তান্তরিত ফসল উৎপাদন কৃষি প্রযুক্তির তালিকা

| ক্রমিক<br>নং | প্রযুক্তির নাম  | সংক্ষিপ্ত বর্ণনা  |
|--------------|---|---|
| ১.           | মরিচের আগাছা দমন  | চারা রোপনের ১৫-৩০ ও ৪৫ দিন পর আগাছা দমন করা মরিচের জন্য অর্থনৈতিকভাবে লাভজনক।   |
| ২.           | রোপা আমনের সাথে ভুট্টার রিলে ফসল  | রোপা আমনের সাথে ৫০ সে.মি. × ২০ সেমি দূরত্বে হাইব্রিড ভুট্টার রোপণের ২৫-৩০ দিন পরে মালচিং একটি উৎকৃষ্ট প্রযুক্তি।  |
| ৩.           | আলু+মিষ্টি কুমড়ার আন্তঃফসলে মিষ্টি কুমড়ার বপন সময়                        | আলু+মিষ্টি কুমড়ার আন্তঃফসলে মিষ্টি কুমড়ার বপন সময় আলু রোপণের ২০ দিন পরে মিষ্টি কুমড়ার রোপণ কৃষিভিত্তিক অর্থনৈতিকভাবে লাভজনক। (১০% আলু+১০০% মিষ্টি কুমড়া)   |
| ৪.           | বেগুনের সাথে মসুরের আন্তঃফসল  | দুই সারি বেগুনের (১০০%) মাঝে দুই সারি মসুর আন্তঃফসল বিন্যাসটি অর্থনৈতিকভাবে লাভজনক।   |
| ৫.           | বাদামের গোড়া পচা রোগের সমন্বিত দমন ব্যবস্থাপনা                             | বীচ বপনের ২১ দিন পূর্বে মাটিতে সরিষার খৈল বা মুরগির বিষ্ঠা প্রয়োগ করে শোধনকৃত (প্রোভেন্স ২.০ গ্রাম/কেজি) বজি বপন করে বাদামের গোড়া পচা রোগ দমন করা যায়।   |
| ৬.           | বারি আলু উত্তোলন যন্ত্র   | <ul style="list-style-type: none"> <li>এটি পাওয়ার টিলার চালিত যন্ত্র।</li> <li>খুব সহজে ও কম খরচে আলু উত্তোলন করা যায়।</li> <li>উৎসর্গমূল্য ৪% এর নিচে।</li> <li>কার্যক্ষমতা : ০.১০ হেক্টর/ঘণ্টা</li> <li>আলু উত্তোলন খরচ : ১৭০০০ টাকা/হেক্টর</li> <li>মূল্য : ৩৫,০০০ টাকা</li> </ul>   |
| ৭.           | আমের সংগ্রহোত্তর এনথ্রাসনোজ ও বোটা পঁচা রোগের সমন্বিত দমন ব্যবস্থাপনা       | আম সংগ্রহের ১৫ দিন পূর্বে বেভিস্টিন নামক ছত্রাক নাশক ১ গ্রাম/লি. পানিতে মিশিয়ে স্প্রে করা এবং ১ ইঞ্চি বোটা সহ আম সংগ্রহ করলে সংগ্রহোত্তর আমের এনথ্রাসনোজ এবং বোটা পচা রোগ দমন করা যায়।  |
| ৮.           | পান উৎপাদনে নাইট্রোজেন, ফসফরাস ও পটাশের মাত্রা                              | হেক্টরপ্রতি ইউরিয়া ২২০ কেজি, ১১০ কেজি টিএসপি ও ৮৫ কেজি এমপি প্রয়োগ করলে ভাল ফল পাওয়া যায়। ইউরিয়া ৫০% সরিষার খৈল থেকে পূরণ করতে হবে। এজন্য হেক্টর প্রতি প্রায় ১ টন সরিষার খৈল প্রয়োজন হবে। ইউরিয়া এবং সরিষার খৈল সমান ৮ ভাগে ৪৫ দিন পর পর উপরি প্রয়োগ করতে হবে।   |
| ৯.           | হলুদ+মরিচ আন্তঃফসল চাষ  | দুই সারি হলুদ (১০০%) এর পর এক সারি মরিচ (৩৩%) বা এক সারি হলুদ (১০০%) এর পর এক সারি মরিচ (৭৫%) চাষ করলে মোট ফলন ও আর্থিক লাভ একক হলুদ বা একক মরিচ থেকে বেশি পাওয়া যায়।<br>লাভ খরচের অনুপাত ৫.৭২ - ৬.৫১ যা একক হলুদে ৪.৫২-৫.৪৯ বা একক মরিচে ৪.১০-৪.৭৪। হলুদ ৯-১০ মাসের ফসল। আন্তঃফসল হিসাবে মরিচ চাষ করলে একটি বাড়তি ফসল চাষ করা সম্ভব।  |
| ১০.          | মৌরীর সঠিক বপন সময় ও বপন দূরত্ব নির্ধারণ                                   | ১০-২০ নভেম্বরের মধ্যে ৪ সেমি দ্বি ১০ সেমি বপন পদ্ধতি ব্যবহার করলে মৌরীর অধিক ফলন (প্রতি হেক্টরে ১.৬১-১.৬৭ টন) পাওয়া যায়।  |
| ১১.          | গোল মরিচের দ্রুত বংশবিস্তার   | সয়েল সাইন্স পদ্ধতিতে গোল মরিচের দ্রুত বংশ বিস্তার করা যায়। ফলে কৃষকের বাড়তি চাহিদা পূরণ সম্ভব।<br>লাভ : খরচ : ১.৯১-২.১৩  |
| ১২.          | রসুনের বৃদ্ধি ফলন ও গুণগত মানের উপর কোয়ার ওজন ও গাছের সংখ্যার প্রভাব       | ফলন নিয়ন্ত্রিত জাতের তুলনায় ২৫.৫২% বেশি।। গুণগতমান যেমন- শতকরা টিএসএস, কন্দের ওজন, গঠন এবং আকার বৃদ্ধি পায়। ট্রিটমেন্ট; কোয়ার ওজন প্রায় ২ গ্রাম এবং গাছের সংখ্যা ১৫×১০ সেমি হতে হবে।   |
| ১৩.          | পেঁয়াজের বোলটিং, ফলন গুণগত মানের উপর রোপণ সময় এবং নাইট্রোজেন সারের প্রভাব | ফলন নিয়ন্ত্রিত জাতের তুলনায় ১৭.৩৩% বেশি।। গুণগতমান যেমন- শতকরা টিএসএস, কন্দের ওজন, গঠন ও আকার বৃদ্ধি পায় এবং বোলটিং ২৭% কমে। ট্রিটমেন্ট: নাইট্রোজেন ১০০ কেজি হে. এবং রোপণ সময় ২০ ডিসেম্বর।  |
| ১৪.          | অল্টারনেট ফারো সেচ পদ্ধতিতে ফসল উৎপাদন প্রযুক্তি                            | <ul style="list-style-type: none"> <li>এ সেচ পদ্ধতি সারিতে লাগানো ফসল যেমন- টমেটো, বেগুন, ভুট্টা ইত্যাদির (যাতে ফারোর মাধ্যমে যে সেচ প্রদান করা যায়) ক্ষেত্রে উপযুক্ত।</li> <li>এটি এমন একটি সেচ পদ্ধতি যার মাধ্যমে একটি ফারো অন্তর অপর ফারোতে পানি সরবরাহ করা হয়। দুই ফারোর মধ্যবর্তী ফারো শুষ্ক থাকে যা পরবর্তী সেচের সময়</li> </ul> |

